18/08/2026

## চট্টগ্রাম কলেজঃ দেড়শতকের গৌরব, শিক্ষায় সাফল্যের উজ্জ্বল দৃষ্টান্ত

জ্ঞানে-কর্মে-সৃজনে-ঐতিহ্যে চট্টগ্রাম কলেজ বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের দেড়শতাধিক বছরের প্রাচীন এক বিদ্যাপীঠ। এ কলেজে বর্তমানে ১৭টি বিষয়ে অনার্স ও ১৯টি বিষয়ে মাস্টার্স কোর্সসহ মোট ২১টি বিভাগ রয়েছে। শিক্ষা-বিস্তার, দেশের উন্নয়ন-অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা, ব্রিটিশ-বিরোধী আন্দোলন, ভাষা আন্দোলন ও মহান স্বাধীনতা যুদ্ধে এ কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের ভূমিকা সর্বজনবিদিত। উল্লেখ্য যে, ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে এই কলেজের শিক্ষার্থী শহীদ ওয়াসিম আকরামসহ অসংখ্য ছাত্র-ছাত্রী অত্যন্ত সক্রিয় ও বীরত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। সুদীর্ঘ সময় ধরে এ কলেজের শিক্ষার্থীরা বিভিন্ন সরকারি-বেসরকারি কর্মক্ষেত্রসহ স্ব স্ব ক্ষেত্রে কার্যকর ও উজ্জ্বল ভূমিকা রেখে চলেছেন।

কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা প্রতিবছরই দেশ-বিদেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষায় তাদের যোগ্যতার স্বাক্ষর রাখছে। বিশেষত, বিজ্ঞান-শিক্ষার্থীদের রয়েছে মেডিকেল কলেজ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তির ঈর্ষণীয় সাফল্য। প্রতি বছরের ন্যায় এ বছরও (২০২৫) সরকারি মেডিকেল কলেজ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়গুলোতে চট্টগ্রাম কলেজের প্রায় সাড়ে চারশত শিক্ষার্থী ভর্তির যোগ্যতা অর্জন করেছে।

**চট্টগ্রাম কলেজের শিক্ষার্থীদের বিগত কয়েক বছরে একাডেমিক ও সহ-শিক্ষা কার্যক্রমে সাফল্যের কিছু খণ্ডচিত্রঃ**

### জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত একাডেমিক কার্যক্রমে সাফল্য

১. আফনান আলাল- পদার্থবিজ্ঞান বিভাগ, ২০১৯ সালে মাস্টার্স ফাইনালে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৪.০০ পেয়ে **'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড'** অর্জন করে।

২. শ্রাবনী বিশ্বাস- পরিসংখ্যান বিভাগ, ২০২০ সালে অনার্স ফাইনালে **১ম শ্রেণিতে ১ম স্থান** অর্জন করে।

৩. সাদিয়া শাওরিন- পরিসংখ্যান বিভাগ, ২০২০ সালে মাস্টার্স ফাইনালে **১ম শ্রেণিতে ১ম স্থান** অর্জন করে।

৪. শ্রাবনী বিশ্বাস- পরিসংখ্যান বিভাগ, ২০২১ সালে মাস্টার্স ফাইনালে **১ম শ্রেণিতে ১ম স্থান** (যৌথভাবে) অর্জন করে।

৫. অনাবিল দীপ্ত বড়ুয়া- পরিসংখ্যান বিভাগ, ২০২১ সালে মাস্টার্স ফাইনালে **১ম শ্রেণিতে ১ম স্থান** (যৌথভাবে) অর্জন করে।

৬. জুঁই সেন- পদার্থবিজ্ঞান বিভাগ, ২০২১ সালে মাস্টার্স ফাইনালে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৯৪ পেয়ে **'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড'** অর্জন করে।

৭. জান্নাতুল নাঈম- মনোবিজ্ঞান বিভাগ, ২০২১ সালে অনার্স ফাইনালে **১ম শ্রেণিতে ১ম স্থান** অর্জন করে।

৮. সিরাজুল মোস্তফা- ইসলামিক স্টাডিজ (সেশন ২০১৯-২০), ২০২৩ সালে 'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড' অর্জন করেন (সিজিপিএ ৩.৭৯)।

৯. মোঃ আসাদুল ইসলাম- ইসলামিক স্টাডিজ (সেশন ২০১৭-১৮), ২০২১ সালে 'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড' অর্জন করেন (সিজিপিএ ৩.৮২)।

১০. রূপা বড়ুয়া- পালি বিভাগ (সেশন ২০১৮-১৯), ২০২৩ সালে 'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড' অর্জন করেন (সিজিপিএ ৪.০০)।

১১. মোসাম্মৎ উম্মে নায়মা- গণিত বিভাগ (সেশন ২০২১-২২), ২০২১ সালে 'ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড' অর্জন করেন (সিজিপিএ ৪.০০)।

## সহ-শিক্ষা কার্যক্রমে সাফল্য

**# জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে অর্জন:**

১. কারিশমা কবীর ঐশী- পদার্থবিজ্ঞান বিভাগ- ২০২২ সালে বাংলা কবিতা আবৃত্তিতে **চ্যাম্পিয়ন**
২. তন্বী দাশ- বাংলা বিভাগ- ২০২২ সালে **একক বিতর্কে ২য় স্থান**
৩. শুভ্রা চক্রবর্তী- বাংলা বিভাগ- ২০২২ সালে বাংলা প্রবন্ধ রচনায় **৩য় স্থান**
৪. রাফিয়া বিনতে আলম- উচ্চ মাধ্যমিক শ্রেণি- ২০২৩ সালে উপস্থিত বক্তৃতা'য় **চ্যাম্পিয়ন**
৫. কারিশমা কবীর ঐশী- পদার্থবিজ্ঞান বিভাগ- ২০২৪ সালে নির্ধারিত বক্তৃতা'য় **চ্যাম্পিয়ন**
৬. তাহামিন তারান্নুম হক- ইংরেজি বিভাগ- ২০২৪ সালে ইংরেজি বক্তৃতা'য় **২য় স্থান**
৭. শুভ্রা চক্রবর্তী- বাংলা বিভাগ- ২০২৪ সালে বাংলা কবিতা আবৃত্তিতে **৩য় স্থান**

**# জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত আন্তঃকলেজ সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে অর্জন:**

১. তন্বী দাশ- বাংলা বিভাগ- ২০২১ সালে উপস্থিত বক্তৃতা'য় **চ্যাম্পিয়ন**
২. কারিশমা কবীর ঐশী- পদার্থবিজ্ঞান বিভাগ- ২০২১ সালে বাংলা কবিতা আবৃত্তিতে **২য় স্থান**
৩. রিয়া সেন গুপ্তা- মনোবিজ্ঞান বিভাগ- ২০২১ সালে লোকগীতিতে **২য় স্থান**

**# জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত আন্তঃকলেজ ক্রীড়া প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে অর্জন:**

১. চট্টগ্রাম কলেজ কাবাডি দল- ২০২৩ সালে **রানার্স আপ**
২. রাশেদা আক্তার- অর্থনীতি বিভাগ- ২০২৩ সালে ক্যারাম দ্বৈততে **৩য় স্থান**
৩. রফিকুল ইসলাম- ইতিহাস বিভাগ- ২০২৩ সালে ক্যারাম দ্বৈততে **৩য় স্থান**
৪. চট্টগ্রাম কলেজ কাবাডি দল- ২০২৪ সালে **রানার্স আপ**
৫. সাদিয়া তাবাস্সুম মিলি- দর্শন বিভাগ- ২০২৪ সালে ৮০০ মিটার দৌড়ে **রৌপ্য পদক**

**# চট্টগ্রাম কলেজ রোভার স্কাউট গ্রুপের জাতীয় শিক্ষা সপ্তাহে অর্জনসমূহ:**

- **শ্রেষ্ঠ রোভার গ্রুপ:** চট্টগ্রাম কলেজ রোভার স্কাউট গ্রুপ- ২০১৫ ও ২০১৭ সাল
- **শ্রেষ্ঠ রোভার শিক্ষক:** জনাব মোঃ কামাল উদ্দিন, চট্টগ্রাম কলেজ- ২০১৫, ২০১৭ ও ২০১৯ সাল

**# বাংলাদেশ স্কাউটস জাতীয় মেধা অন্বেষণ প্রতিযোগিতা- ২০২৪-**

নফিসাতুন নেছা- উদ্ভিদবিজ্ঞান বিভাগ- জাতীয় পর্যায়ে **২য় স্থান**

**# বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ অ্যাওয়ার্ড "প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড" অর্জন:**

১. লাবীব মোহাম্মদ তত্ত্বী- গণিত বিভাগ- ২০১৭

২. জাহাঙ্গীর আলম- অর্থনীতি বিভাগ- ২০১৭

৩. সৈয়দ মোহাম্মদ আসিফ মাহমুদ- রাষ্ট্রবিজ্ঞান বিভাগ- ২০১৭

৪. ইব্রাহিম খলিল সবুজ- ভূগোল বিভাগ- ২০১৮

৫. শারমিন আক্তার- প্রাণিবিজ্ঞান বিভাগ- ২০১৮

৬. রোকন উদ্দিন ওয়ারেসী- গণিত বিভাগ- ২০১৮

৭. উম্মে তারান্নুম- সমাজবিজ্ঞান বিভাগ- ২০১৮

৮. আলতাফুর রহমান ইমন- পরিসংখ্যান বিভাগ- ২০১৯

৯. তারমিন আক্তার- প্রাণিবিজ্ঞান বিভাগ- ২০১৯

**অন্যান্য অর্জন:**

- **মোহাম্মদ হাসান রাব্বি ও মোহাম্মদ তামজিদ:** বাংলাদেশ গবেষণাগার, বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মন্ত্রণালয়ের আয়োজিত প্রতিযোগিতা-২০২৫ যৌথভাবে **চ্যাম্পিয়ন** হয়েছে।
- **রায়হান সিদ্দিকী:** বাংলাদেশ গণিত অলিম্পিয়াড ২০২৫-এ '**চ্যাম্পিয়ন অব দ্য চ্যাম্পিয়নস**" হয়েছে।
- **মন্দিরা দাশ:** ১৪তম বাংলাদেশ কেমিস্ট্রি অলিম্পিয়াড ২০২৫-এ মেরিট পজিশনে **৫ম স্থান** অর্জন করে।
- **মো: রায়হান সিদ্দিকী**- উচ্চ মাধ্যমিক (২০২৪-২৫), ২০২৬ সালে ৬৬তম আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড (সাংহাই) ও ওগঝঙ্গ (বেইজিং)-এ রৌপ্য পদক অর্জন।
- **হাবিবুর রহমান**- অর্থনীতি বিভাগ, ২০২৬ সালে জিরো অলিম্পিয়াডে **১ম** রানার-আপ এবং ইকনকোয়েস্ট অলিম্পিয়াডে ৪র্থ স্থান অর্জন।
- **মোহাম্মদ জোনাইদ**- মনোবিজ্ঞান বিভাগ, ২০২৬ সালে জিরো অলিম্পিয়াড সিজন-২-এ **১ম** রানার-আপ অর্জন।
- **মুনকার তারান্নুম**- উচ্চ মাধ্যমিক **১ম** বর্ষ, ২০২৫ সালে ২য় জিএসটিইউ ন্যাশনাল সায়েন্স ফেস্টে এআই ডিজাইন প্রতিযোগিতায় **১ম** স্থান।
- **শাহানা আক্তার**- রাষ্ট্রবিজ্ঞান (মাস্টার্স), ২০২৬ সালে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের রচনা প্রতিযোগিতায় **১ম** ও বইপাঠে ৩য় স্থান।

**# এস্ট্রো বিজ্ঞান মেলা-২০২৪ প্রতিযোগিতায় অর্জিত সাফল্য:**

- **মোহাম্মদ তামজিদ** - উপস্থিত বক্তৃতা (খ বিভাগ) ২য় স্থান
- **মোহাম্মদ তামজিদ** - [গ বিভাগ] ৩য় স্থান
- **সৌমিক সেনগুপ্ত** - বিজ্ঞান কুইজ (গ বিভাগ) ২য় স্থান
- **মোঃ হাসান রাব্বি** - [গ বিভাগ] ৩য় স্থান
- **মহীতোষ চৌধুরী** - গণিত কুইজ (গ বিভাগ) ২য় স্থান

**অর্জন**

- **তোফায়েল আহমেদ:** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ভর্তি পরীক্ষায় **প্রথম স্থান** অধিকার করেছেন।
- **সানজিদ অপূর্ব বিন সিরাজ:** মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় **দ্বিতীয় স্থান** অধিকার করেছেন এবং ভর্তি হয়েছেন ঢাকা মেডিকেল কলেজে।

আসন্ন জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায়ও এ কলেজের শিক্ষার্থীরা তাদের যোগ্যতার স্বাক্ষর রাখবে বলে আমরা দৃঢ়ভাবে আশাবাদী।

এ রকম অসংখ্য অর্জনে চট্টগ্রাম কলেজ তার ঐতিহ্যের ধারায় ক্রম অগ্রসরমান।

বিগত কয়েক বছরে শিক্ষামন্ত্রণালয়ের বাস্তবভিত্তিক পরিকল্পনায় সিইডিপি প্রকল্পের অধীনে কলেজের ভৌত সুযোগ-সুবিধা উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হলো- কলেজের বিভিন্ন বিভাগে শিক্ষক-স্বল্পতা রয়েছে। ফলে বিভাগগুলোর পাঠদানের মান কাঙ্খিত মাত্রায় উন্নীত করা যাচ্ছে না। বিদ্যমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট বিভাগে নতুন পদসৃজন এবং শূন্য পদসমূহে শিক্ষক পদায়নের দ্রুত ব্যবস্থা গ্রহণ করলে কলেজের শিক্ষার মান আরো উন্নত করা যাবে।

14. 8. 2.21

**প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী**

**অধ্যক্ষ**

**চট্টগ্রাম কলেজ।**